

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৪৪  
আগরতলা, ০৩ মার্চ, ২০২৪

রাজ্যভিত্তিক ইন্টেনসিফায়েড পালস পোলিও টিকাকরণ কর্মসূচির সূচনা

আগরতলা সরকারি নার্সিং মহাবিদ্যালয়ে আজ ৩ দিনব্যাপী রাজ্যভিত্তিক ইন্টেনসিফায়েড পালস পোলিও টিকাকরণ কর্মসূচির সূচনা হয়েছে। স্বাস্থ্য সচিব কিরণ গিতে এই কর্মসূচির সূচনা করেন। অনুষ্ঠানে তিনি বলেন, পোলিওর বিরুদ্ধে বিজয় অভিযান অব্যাহত রাখতে ০-৫ বছর বয়সের প্রত্যেক শিশুকে দু'ফোটা পোলিও ডোজ খাওয়ানো খুব গুরুত্বপূর্ণ। তিনি রাজ্যের প্রতিটি পরিবারকে তাদের শিশুদের পোলিও ডোজ খাওয়ানোর আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা রাজীব দত্ত, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. সুপ্রিয় মল্লিক, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডা. অঞ্জন দাস, ডিএমই ডা. হরপ্রসাদ শর্মা, জাতীয় স্বাস্থ্য মিশনের সদস্য সচিব ডা. নুপুর দেববর্মা, পশ্চিম ত্রিপুরার জেলার মুখ্যস্বাস্থ্য আধিকারিক ডা. রঞ্জন বিশ্বাস, আইজিএম হাসপাতালের সুপার ডা. দেবশ্রী দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরার জেলার মুখ্যস্বাস্থ্য আধিকারিক জানান, আজ পোলিও টিকাকরণ কেন্দ্রগুলিতে রাজ্যের ০-৫ বছর বয়সের শিশুদের পোলিও ডোজ খাওয়ানো হবে। তাছাড়া পোলিও টিকাকরণ কেন্দ্রে যেসব শিশুদের পোলিও ডোজ খাওয়ানো সম্ভব হবে না তাদের আগামীকাল ও ৫ মার্চ এই দু'দিন বাড়ি বাড়ি গিয়ে পোলিও ডোজ খাওয়ানো হবে।

\*\*\*\*\*